ইংরেজি হতে অনুদিত

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফই সার্কুলার পত্র নং ২০ তারিখঃ সেপ্টেম্বর ০৮,২০১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়গণ,

**ইলেক্ট্রনিক/অনলাইন মিডিয়ায় বাংলাদেশী পণ্যের বিজ্ঞাপন খরচের বিপরীতে বৈদেশিক মুদ্রা ছাড়করণ প্রসংগে।**

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশান্স (জিএফইটি)' ২০০৯ (ভলিউম-১) এর ১০ অধ্যায়ের ৩৩ অনুচ্ছেদ অনুযায়ী বিদেশী গণমাধ্যমে বাংলাদেশী পণ্যের বিজ্ঞাপন বাবদ বৈদেশিক মুদ্রা অনুমোদিত ডিলারগণ ছাড় করতে পারেন।

০২. এই মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, বিদেশী ইলেক্ট্রনিক/অনলাইন মিডিয়ায় বাংলাদেশী পণ্যের বিজ্ঞাপন (dynamic, image, video, interactive এবং/অথবা অন্য কোন ফরমেটে) বাবদ বৈদেশিক মুদ্রাও অনুমোদিত ডিলারগণ ছাড় করতে পারবেন । এ ক্ষেত্রে সংশ্লিষ্ট চুক্তি ও ইনভয়েসের মাধ্যমে বিজ্ঞাপনের যথার্থতা এবং সঠিকতা নিরূপনসহ প্রযোজ্য করাদি কর্তন করতে হবে।

০৩. এই সার্কুলার পত্রের আওতায় কেবল একটি অনুমোদিত ডিলারের (বিজ্ঞাপন দাতা প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত) মাধ্যমে বৈদেশিক মুদ্রা ছাড় করা যাবে। অনুমোদিত ডিলার মনোনয়নের বিষয়টি অনুমোদিত ডিলার কর্তৃক বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট/সংশ্লিষ্ট আঞ্চলিক অফিসকে অবহিত করতে হবে ।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন ।

আপনাদের বিশ্বস্ত,
(স্বাক্ষরিত)
(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩১৯